



Date: 17.01.2017

PRESS RELEASE

প্রথমেই ধন্যবাদ জানাই সকল সংবাদ কর্মীদের, আজকের এই Press Conference এ যোগদান করার জন্য।

আজকে আমাদের এই Press Conference এর মুখ্য উদ্দেশ্য হচ্ছে সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা। কারণ সকলেই জানেন যে, বিগত ১০ই মার্চ ২০১৫ইং বিয়ের ঠিক ১১মাসের মধ্যেই শ্রীপুর গ্রামের ৩নং ওয়ার্ডের বাসিন্দা শ্রীঃ নকুল দাসের কন্যা পুনম দাসকে একই গ্রামের ৫নং ওয়ার্ডের বাসিন্দা আশিশ দাস ও তার পরিবার পনের দায়ে নির্মম ভাবে পুড়িয়ে হত্যা করে।

ঘটনার দিনই পুনম দাসের পিতা শ্রীঃ নকুল দাস, আশিশ দাস ও তার পরিবারের উপর পনের দায়ে হত্যার অভিযোগ এনে ধর্মনগর মামলা দায়ের করেন। বর্তমানে উত্তর ত্রিপুরা জেলা আদালতে মামলাটি বিচারাধীন। এই পনের দায়ে হত্যা মামলার প্রধান অভিযুক্ত আশিশ দাস ৩মাসের বিচারাধীন বন্দী থাকার পর ০৬ জুন ২০১৫ইং থেকে শর্তাধীন জামিনে মুক্ত থাকা অবস্থায় Prison Directorate, Government of Tripura থেকে ২১শে জুলাই ২০১৫ইং প্রিজন ফার্মাসিষ্ট পদে নিযুক্তি দেওয়া হয়। নিযুক্তি পাওয়ার পর আশিশ দাস সম্পূর্ণ্য অনৈতিক পন্থা অবলম্বন করে ২৬শে সেপ্টেম্বর ২০১৫ইং ধর্মনগর জেলে প্রিজন ফার্মাসিষ্ট পদে যোগ দেয়।

দীর্ঘ ১৪মাস থেকে তথ্য জানার অধিকার আইনের সাহায্যে আশিশ দাসের সরকারি চাকুরী সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করে দেখা যায় যে আশিশ দাস সম্পূর্ণ্য অনৈতিক পন্থা অবলম্বন করে সরকারি চাকুরীতে যোগদান করে।

অবশেষে, বিগত ২৭শে ডিসেম্বর ২০১৬ইং পুনম দাসের পিতা সকল তথ্য সহ I.G Prison, Governor of Tripura, Chief Minister of Tripura ও Minister, Home (Jail) Department of Tripura এর নিকট লিখিত আবেদনের মাধ্যমে আশিশ দাসকে চাকুরী থেকে বরখাস্ত করার অনুরোধ করেন। আমাদের আবেদনের প্রতি সাড়া দিয়ে বিগত ০৬ই জানুয়ারী ২০১৭ইং ১৭মাস চাকুরী করে যাওয়া আশিশ দাসকে চাকুরী থেকে বরখাস্ত করার হয়।

আমরা উক্ত খবরে বিশেষ ভাবে আনন্দিত এবং আজকের এই Press Conference এর মাধ্যমে আশিশ দাসকে চাকুরী থেকে বরখাস্ত করার জন্য শ্রীযুক্তঃ শান্তনু দেববর্মা, I.G Prison, শ্রীযুক্তঃ তথাগত রায়, মাননীয় রাজ্যপাল, শ্রীযুক্তঃ মানিক সরকার, মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রীযুক্তঃ মনিন্দ্র রিয়াং, মাননীয় মন্ত্রী, কারা দপ্তর, ত্রিপুরা সরকার এবং শ্রীযুক্তঃ সন্দীপ এন. মাহাশ্বৈ, মাননীয় জেলা শাসক, উত্তর ত্রিপুরা এর প্রতি যথাযোগ্য পদক্ষেপ গ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

তৎসঙ্গে আন্তরিক ধন্যবাদ জানাই সকল স্তরের জনগনকে, ধন্যবাদ জানাই শ্রীপুর ও দেওয়ানপাশা গ্রাম পঞ্চায়েত কতৃপক্ষকে, ধন্যবাদ জানাই সকল সামাজিক সংস্থাকে, ধন্যবাদ জানাই রাজ্যের সকল প্রিন্ট ও ইলেকট্রনিক সংবাদ মাধ্যম ও সংবাদ কর্মীদের যারা বিভিন্ন সময়ে প্রয়োজনীয় সংবাদ প্রকাশের মাধ্যমে আমাদের সাহায্য করেছেন।

সবাইকে আন্তরিক ধন্যবাদ।

পুনম দাসের পরিবারের পক্ষে

(গোপিকা কান্ত দত্ত)

RTI Activist